বাঁকুড়ার পুনিশোল গ্রামের এক-তৃতীয়াংশ সংখ্যালঘু ভোটার তালিকায় 'বিচারাধীন'

নিজস্ব প্রতিবেদন, বাঁকুড়া: চূড়ান্ত ভোটার তালিকা বের হওয়ার পরেই জেলার সব থেকে বড় সংখ্যালঘু গ্রাম নিয়ে শুরু হয়েছে জোর রাজনৈতিক তরজা। এসআইআর শুরু হওয়ার পর থেকেই এই আশঙ্কা চেপে বসেছিল ওই গ্রামের বাসিন্দাদের। চূড়ান্ত তালিকা বের হতেই সেই আশঙ্কাই আতঙ্ক হয়ে দাঁড়িয়েছে গোটা গ্রামে। চূড়ান্ত ভোটার তালিকায় গ্রামের ভোটারদের এক তৃতীয়াংশেরই নামের পাশে রয়েছে 'বিচারাধীন' স্ট্যাম্প। তাই তাঁরা ভোট দিতে আর পাবেন কি না সেই আশঙ্কায় ভুগছেন। আর একে ঘিরেই চলছে রাজনৈতিক তরজা। এই ঘটনাটি ঘটেছে জেলাট ওন্দা ব্লকের পুনিশোল গ্রামে। এই গ্রামটি এত বড় যে সংলগ্ন দু'একটি ছোট গ্রাম নিয়েই পুনিশোল গ্রাম পঞ্চায়েত। প্রায় একশো শতাংশ সংখ্যালঘু মানুষের বাস। এই গ্রাম পঞ্চায়েত এলাকায় এসআইআর শুরুর আগে ভোটারের সংখ্যা ছিল ২৮,৩১৭ জন। সদ্য প্রকাশিত চূড়ান্ত ভোটার তালিকায় প্রায় এক তৃতীয়াংশ ভোটারের নামের পাশে রয়েছে 'বিচারাধীন' স্ট্যাম্প। এবিষয়ে নির্বাচন দপ্তর সূত্রে জানা গেছে, ওই গ্রাম পঞ্চায়েতের ৮ হাজার ৫৫৩ জনের নামে পাশে রয়েছে বিচারাধীন স্ট্যাম্প। তাদের নাম ভোটার লিস্টে থাকবে কিনা তা নির্ভর করছে বিচারকদের টেবিলে। এই প্রেক্ষিতে উল্লেখ্য, পুনিশোল গ্রামের প্রায় প্রতি পরিবারের একজন করে ভোটারের নামের পাশে এই স্ট্যাম্প রয়েছে। তাতেই তৈরি হয়েছে জটিলতা। অনেক পরিবারে একাধিক সদস্যের ভোটাধিকার ঝুলে রয়েছে। গ্রামবাসীদের চিন্তা তাঁদের বিষয়টি কবে নিষ্পত্তি হবে। আগামী বিধানসভা নির্বাচনের আগে আদৌ তা হবে কি না তা নিয়েই শঙ্কা রয়েছে তাদের।

এই ভোটারদের বক্তব্য, তাঁরা বছরের পর বছর ধরে ভোট দিয়ে আসছেন। নিয়ম মেনে বৈধ নথি ও প্রয়োজনীয় তথ্য-সহ এনুমারেশান ফর্ম জমা দিয়েছেন। তাদের শুনানিতে ডাক হয়েছিল। সেসময় বৈধ নথিপত্র দেখিয়ে এসেছেন আধিকারিকদের। তারপরেও চূড়ান্ত তালিকায় এভাবে গ্রামের বিপুল সংখ্যক ভোটারকে বিচারাধীন রাখা হয়েছে। শাসকদল-সহ জেলার রাজনৈতিক দলগুলির অভিযোগ,

এই ঘটনার মধ্যে নিশ্চিতভাবেই ষড়যন্ত্র রয়েছে। এই নিয়ে সরব হয়েছে তৃণমূল, কংগ্রেস, সিপিএম। তাদের অভিযোগ, বেছে বেছে সংখ্যালঘুদের নাম বাদ দেওয়া হচ্ছে। মুসলিম এলাকা বলে বেছে বেছে বিজেপি এই কাজ করেছে। অন্যদিকে বিজেপির প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী সুভাষ সরকারের বক্তব্য, 'আসলে এরা বৈধ কাগজপত্র দেখাতে পারেনি। বিষয়টি বিচারকদের ওপর ছেড়ে দেওয়া হয়েছে।'

বিজেপির 'পরিবর্তন যাত্রা' ঘিরে উত্তপ্ত বলরামপুর

বিজেপি বিধায়কের গাড়ি ভাঙচুর

নিজস্ব প্রতিবেদন, বলরামপুর: বিজেপির 'পরিবর্তন যাত্রা'কে ঘিরে বলরামপুরে উত্তেজনা ছড়াল। দলীয় পতাকা টাঙানোকে কেন্দ্র করে শুক্রবার দুপুরে বলরামপুর, বাঘমুন্ডি রাজ্য সড়কের রসুলডি, হরিপালডি এলাকায় দু'পক্ষের মধ্যে বচসা থেকে মারধর ও ইট-পাথর ছোড়ার ঘটনা ঘটে। ভাঙচুর করা হয় বলরামপুরের বিজেপি বিধায়ক বানেশ্বর মাহাতোর গাড়ি। ঘটনায় পাঁচ থেকে ছয়জন বিজেপি কর্মী আহত হন।

পুলিশ জানিয়েছে, পরিস্থিতি বর্তমানে নিয়ন্ত্রণে রয়েছে এবং এলাকায় পুলিশ মোতায়েন করা হয়েছে। আহতদের প্রথমে বলরামপুর বাঁশগড় হাসপাতালে নিয়ে যাওয়া হয়। তাঁদের মধ্যে চারজনের অবস্থা গুরুতর হওয়ায় পুরুলিয়া মেডিক্যাল কলেজ হাসপাতালে স্থানান্তর করা হয়েছে। আহতদের মধ্যে রয়েছেন অমিত পাল, ফুচুলাল মুর্মু, মথুর কুমার ও সনাতন মাহাতো। বিধায়ক বানেশ্বর মাহাতোর অভিযোগ, শনিবার বলরামপুরে বিজেপির পরিবর্তন যাত্রা কর্মসূচি রয়েছে। সেই উপলক্ষে এলাকায় দলীয় পতাকা টাঙানোর সময় একদল লোক লাঠি ও ইট-পাথর নিয়ে হামলা চালায়। তাঁর দাবি, হামলায় কয়েকজন কর্মী আহত হন এবং তাঁকেও আক্রমণের চেষ্টা করা হয়। পুলিশের ভূমিকা নিয়েও প্রশ্ন তোলেন তিনি। জেলা বিজেপি সভাপতি শংকর মাহাতোও তৃণমূলের মদতে এই ঘটনা ঘটেছে বলে অভিযোগ করেছেন।

অন্যদিকে জেলা তৃণমূলের সিনিয়র সহ-সভাপতি সুষেণ মাঝির পাল্টা দাবি, 'বিজেপি পরিকল্পনা করেই অশান্তি তৈরি করেছে।' তাঁর বক্তব্য, 'ওই সময় এলাকায় একটি মসজিদে নামাজের জন্য মানুষ আসছিলেন। পাশেই একটি মাদ্রাসার সামনে বিজেপির পতাকা টাঙানোকে কেন্দ্র করে বচসা থেকে উত্তেজনা ছড়ায়।' ঘটনার জেরে কিছু সময়ের জন্য বলরামপুর, বাঘমুন্ডি রাজ্য সড়কে যান চলাচল ব্যাহত হয়। পরিস্থিতি সামাল দিতে এলাকায় অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে। এদিকে আহতদের হাসপাতালে দেখতে যান দিলীপ ঘোষ সহ অন্যান্যরা। এদিন দিলীপ ঘোষ সাংবাদিকদের জানান, 'যেভাবে আজ পুরুলিয়ার বলরামপুরে পরিবর্তন রথযাত্রার আগে বিধায়ক-সহ একাধিক বিজেপি কর্মীর গাড়ি ভাঙা হয়েছে তাদের উপর হামলা হয়েছে এটা করে পরিবর্তন যাত্রাকে আটকানো যাবে না। কারণ বাংলার মানুষ এবার পরিবর্তন চাইছে, তাই বিজেপি আসছে।' তিনি আরও বলেন, 'কয়েকটা চামচা পুলিশ ও কিছু গুন্ডা দিয়ে বারেবারে ইলেকশান জেতা যায় না। হামলার জবাব এবার তৃণমূল পেয়ে যাবে।'

ভোটের আগে মন্ত্রীর উপহার পানাগড়বাসীকে

নিজস্ব প্রতিবেদন, কাঁকসা: গত এক বছর ধরে পানাগড় বাজারে আসানসোল দুর্গাপুর ডেভলপমেন্ট অথরিটির আর্থিক সহযোগিতায় পানাগড় গ্রাম থেকে গ্রামবাংলা হোটেল পর্যন্ত প্রায় ৩ কিলোমিটার রাস্তায় পথবাতি লাগানো হয়। সেই পথবাতি পানাগড় গ্রাম থেকে দার্জিলিং মোড় পর্যন্ত জলে উঠলেও পানাগড়ের দার্জিলিং মোড় থেকে গ্রামবাংলা হোটেল পর্যন্ত প্রায় আড়াই কিলোমিটার পুরাতন জাতীয় সড়কের রাস্তার পথবাতি জ্বালানো সম্ভব হয়ে ওঠে নি। বিদ্যুতের বিলকে দেবে সেই নিয়েই জটিলতার সৃষ্টি হয়। অবশেষে পানাগড় বাজারের এক ব্যবসায়ী সাহায্যের হাত বাড়িয়ে দেন। নাম গোপন রেখে তিনি আগামী কয়েক বছরের জন্য বিদ্যুৎ বিলের অধিকাংশ খরচ বহন করবেন বলে আস্বাস দেওয়ায়। তড়িঘড়ি সেই পথবাতি জ্বালানোর উদ্যোগ নেওয়া হয়। শুক্রবার সন্ধ্যায় কাঁকসার প্রয়াগপুর মোড়ে একটি ছোট অনুষ্ঠানের মাধ্যমে প্রদীপ জ্বালিয়ে ও স্যুইচ অন করে আলো জ্বালান রাজ্যের পঞ্চায়েত মন্ত্রী প্রদীপ মজুমদার, এছাড়াও ছিলেন আসানসোল দুর্গাপুর ডেভলপমেন্ট অথরিটির চেয়ারম্যান কবি দত্ত, কাঁকসার বিডিও সৌরভ গুপ্ত, কাঁকসা গ্রাম পঞ্চায়েতের প্রধান সুমনা সাহা, ত্রিলোকচন্দ্রপুর গ্রাম পঞ্চায়েতের

প্রধান জোৎসনা বাগদি, উপ-প্রধান প্রসেনজিৎ ঘোষ, জেলা পরিষদের কর্মাধ্যক্ষ বৈশাখী বন্দ্যোপাধ্যায়, বর্ধমান দুর্গাপুর লোকসভা কেন্দ্রের সাংসদ কীর্তি আজাদ ঝাঁ, কাঁকসা পঞ্চায়েত সমিতির তিন সদস্য দেবদাস বক্সী এবং নবকুমার সামন্ত ও পিরু খান সহ বিশিষ্টজনেরা। দীর্ঘদিনের সমস্যা সমাধান হওয়ায় ও গোটা পানাগড় বাজার আলোকিত হয়ে ওঠায় খুশি পানাগড় বাজারের মানুষ ও ব্যবসায়ীরা।

ভোটাধিকারের দাবিতে বামেদের বিক্ষোভ মিছিল

নিজস্ব প্রতিবেদন, পূর্ব বর্ধমান: বৃহস্পতিবার পূর্ব বর্ধমানের খন্ডঘোষ ব্লক উন্নয়ন আধিকারিকের দপ্তরের সামনে ঘেরাও বিক্ষোভ করে দাবি পেশের পর, শুক্রবার পূর্ব বর্ধমানের রায়না ১ ব্লকের শ্যামসুন্দরে ব্লক উন্নয়ন আধিকারিকের দপ্তর অভিযানের ডাক দেয় সিপিআইএম। এসআইআর-এর নামে বৈধ ভোটারদের হয়রানি করছে কমিশন। বহু ভোটারদের নাম বিচারাধীন-এর তালিকায় রেখে দিয়েছে। সকল বৈধ ভোটারের নাম ভোটার লিস্টে না তুলে ভোটের দিন ঘোষণা করা চলবে না বলে দাবি বামেদের। মিছিল সহকারে বাম গণসংগঠনের কর্মী সমর্থকরাও যোগ দেন কর্মসূচিতে। অপ্রীতিকর ঘটনা ঠেকাতে মোতায়েন করা হয়েছিল বিশাল পুলিশ বাহিনী। শ্যামসুন্দর থানা মোড় থেকে বিডিও অফিস অবধি একটি মিছিল আয়োজন করা হয়। ৫ জনের এক প্রতিনিধি দল ব্লক উন্নয়ন আধিকারিকের কাছে স্মারকলিপি পেশ করেন। আগামীদিনেও ধারাবাহিক আন্দোলন চলবে বলে জানিয়েছেন বাম নেতৃত্ব।

এসএফআইয়ের কর্মসূচি ঘিরে উত্তেজনা বর্ধমান বিশ্ববিদ্যালয়ে

নিজস্ব প্রতিবেদন, পূর্ব বর্ধমান: শুক্রবার এসএফআইয়ের ডাকে 'বন্ধ অকল কি তালা' কর্মসূচিকে কেন্দ্র করে উত্তেজনা ছড়ায় বর্ধমান বিশ্ববিদ্যালয় চত্বরে।

বিশ্ববিদ্যালয়ের নানা অব্যবস্থা ঘিরে দীর্ঘদিন ধরেই ছাত্রছাত্রীদের মধ্যে ক্ষোভ জমে রয়েছে। সেই দাবিতেই এদিন এসএফআইয়ের পক্ষ থেকে প্রতিবাদ কর্মসূচির ডাক দেওয়া হয়।

শুক্রবার দুপুরে কার্জন গেট সংলগ্ন এলাকায় সমবেত হন এসএফআইয়ের কর্মী ও সমর্থক ছাত্রছাত্রীরা। সেখান থেকে মিছিল শুরু করে বি.সি. রোড হয়ে রাজবাড়ি ক্যাম্পাসের দিকে এগিয়ে যায়। রাজবাড়ির গেটের সামনে পৌঁছালে পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে। গেটের সামনে ধাক্কাধাক্কি শুরু হয় ছাত্রছাত্রীদের সঙ্গে নিরাপত্তারক্ষীদের। পরে গেটের সামনে বসে পড়েন আন্দোলনকারীরা।

ঘটনাস্থলে বিশাল পুলিশ মোতায়েন করা হয়। পুলিশের সঙ্গে আন্দোলনকারীদের একাংশের বচসা বাধে এবং কিছু সময় ধস্তাধস্তির ঘটনাও ঘটে। পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে এলাকায় কড়া পুলিশি নজরদারি চালানো হয়। বিক্ষোভকারীরা অভিযোগ করেন, আর্থিক দুর্নীতির হিসেব এখনও পর্যন্ত

প্রকাশ্যে আসেনি। গোটা ক্যাম্পাস অপরিষ্কার। বারবার বলেও তা সাফাই হয় না। ক্যাম্পাসের সিট ফাঁকা, ছাত্র সংসদের ভোট এখনো হয়নি। এই সমস্ত বিষয় নিয়ে তারা ক্যাম্পাসে পৌঁছানোর আগেই পুলিশ বাধা দেয়। নিরাপত্তা রক্ষীরাও তাদের আটকে দেয়। গেট টপকে ঢুকতে গেলে তাদের আটকানো হয়। তাই বাধ্য হয়েই তারা গেটের সামনে বিক্ষোভে বসে। এদিন দীর্ঘক্ষণ বিক্ষোভ দেখানোর পর প্রশাসনের পক্ষ থেকে আশ্বাস দিলে বিক্ষোভ উঠে যায়।

ভগৎ সিং স্টেডিয়ামে আধুনিক সুইমিং পুল উদ্বোধন

নিজস্ব প্রতিবেদন, দুর্গাপুর: শিল্পনগরী দুর্গাপুরের ক্রীড়া পরিকাঠামোয় যুক্ত হল আরও একটি গুরুত্বপূর্ণ সংযোজন। আসানসোল দুর্গাপুর উন্নয়ন পর্ষদের উদ্যোগে শহিদ ভগৎ সিং স্টেডিয়ামে নির্মিত অত্যাধুনিক সুইমিং পুলের উদ্বোধন হল শুক্রবার সন্ধ্যায়। এক অনুষ্ঠানে সুইমিং পুলটির আনুষ্ঠানিক উদ্বোধন করেন রাজ্যের পঞ্চায়েত, গ্রামোন্নয়ন ও সমবায় মন্ত্রী প্রদীপ মজুমদার এবং বর্ধমান দুর্গাপুর লোকসভা কেন্দ্রের সাংসদ কীর্তি আজাদ। এছাড়াও এদিন উপস্থিত ছিলেন আসানসোল দুর্গাপুর উন্নয়ন পর্ষদের চেয়ারম্যান কবি দত্ত, দুর্গাপুর নগর নিগমের চেয়ারপার্সন অনিন্দিতা মুখোপাধ্যায়, এডিডিএর সিইও অদিতি চৌধুরী , ডিসিপি ট্রাফিক সতীশ পাশুমার্তি, ডিসিপি ইস্ট অভিষেক গুপ্তা সহ একাধিক প্রশাসনিক আধিকারিক ও ক্রীড়া ব্যক্তিত্ব। আয়োজকদের তরফে জানানো হয়েছে, নতুন এই সুইমিং পুলটি আধুনিক মানের পরিকাঠামো দিয়ে তৈরি করা হয়েছে। ভবিষ্যতে এখানে সাঁতার প্রশিক্ষণ, বিভিন্ন প্রতিযোগিতা এবং ক্রীড়া কার্যক্রমের আয়োজন করা সম্ভব হবে। এর ফলে দুর্গাপুর ও পার্শ্ববর্তী এলাকার প্রতিভাবান সাঁতারুদের জন্য উন্নত প্রশিক্ষণের সুযোগ তৈরি হবে বলে আশা করা হচ্ছে।

কৃষ্ণনগর উত্তর বিধানসভায় বাহিনী ও পুলিশের রুটমার্চ

নিজস্ব প্রতিবেদন, নদিয়া: আসন্ন বিধানসভা নির্বাচনকে সামনে রেখে নিরাপত্তা জোরদার করতে এবার নদিয়ার কৃষ্ণনগর দক্ষিণ বিধানসভার কোতোয়ালি থানার অন্তর্গত ভাতজাংলা পঞ্চায়েতের মুসলিম পাড়া ও বকুলতলা পাড়া এলাকায় রাজ্য পুলিশ ও কেন্দ্রীয় বাহিনীর যৌথ উদ্যোগে শুরু হয় রুটমার্চ। শুক্রবার সকালে এই রুটমার্চে অংশ নেন কৃষ্ণনগর কোতোয়ালি থানার পুলিশ আধিকারিকরা এবং কেন্দ্রীয় বাহিনীর জওয়ানরা। এলাকায় শান্তি শৃঙ্খলা বজায় রাখতে এবং সাধারণ মানুষের মধ্যে আস্থা বাড়াতে বিভিন্ন এলাকায় গিয়ে স্থানীয় বাসিন্দাদের সঙ্গেও কথা বলেন পুলিশের আধিকারিকরা। নির্বাচনকে সামনে রেখে জেলাজুড়ে এই ধরনের নিরাপত্তা টহল আরও বাড়ানো হবে বলে জানা গেছে প্রশাসন সূত্রে। সূত্রের খবর, গতকালই কৃষ্ণনগর কোতোয়ালি থানায় ১ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী এসে পৌঁছায়। তারপরে সকাল থেকে শুরু হয় রুটমার্চ।

তৃণমূলের বাইক মিছিল পূর্বস্থলীতে

নিজস্ব প্রতিবেদন, পূর্ব বর্ধমান: ভোটাধিকার সকল বৈধ ভোটারকে দিতে হবে। এই দাবিতে তৃণমূলের মহা বাইক মিছিল অনুষ্ঠিত হয় পূর্ব বর্ধমানের পূর্বস্থলী ১ নম্বর ব্লকে। উপস্থিত ছিলেন রাজ্যের মন্ত্রী স্বপন দেবনাথ সহ অনান্য কর্মীরা। এসআইআর-এর নামে বৈধ ভোটারদের হয়রানি করছে কমিশন। বহু ভোটারদের নাম বিচারাধীনের তালিকায় রাখা হয়েছে। সকল বৈধ ভোটারের নাম ভোটার লিস্টে না তুলে ভোটের দিন ঘোষণা করা চলবে না বলে দাবি তৃণমূলের। এই দাবিতেই বিশাল বাইক মিছিল অনুষ্ঠিত হয় পূর্বস্থলী ১ নম্বর ব্লকে। এদিন নাদনঘাট থানা এলাকার বিদ্যানগর মোড় থেকে ধোবার মোড় পর্যন্ত প্রায় ১৫ কিলোমিটার রাস্তায় বাইক র‍্যালি অনুষ্ঠিত হয়। মন্ত্রী স্বপন দেবনাথ বলেন, 'বিজেপির সঙ্গে নির্বাচন কমিশনের গোপন আঁতাত স্পষ্ট হয়ে গিয়েছে। মানুষকে আর হয়রানি করা যাবে না। আমাদের দাবি পূরণ না হলে আগামী দিনে বৃহত্তর আন্দোলনে নামা হবে।'

এসআইআর নিয়ে বিক্ষোভ

নিজস্ব প্রতিবেদন, হিঙ্গলগঞ্জ: আবারও এসআইআরের পর ভোটার তালিকা অসংখ্য মানুষের নাম বাদ ও বিচারাধীন থাকার প্রতিবাদে কমিশনের বিরুদ্ধে রাস্তা অবরোধ করে বিক্ষোভ দেখালো সুন্দরবনবাসী। হিঙ্গলগঞ্জের বোলতলা এলাকায় রাস্তা অবরোধ করে ক্ষুব্ধ মানুষ। অবরোধের ফলে তৈরি হয়েছে যানজট। বিক্ষোভকারীদের দাবি যতদিন তাদের নাম ভোটার তালিকা না উঠছে এই আন্দোলন চালিয়ে যাবেন। হিঙ্গলগঞ্জ বিধানসভার বিভিন্ন জায়গায় মানুষদের ভোটার লিস্ট থেকে নাম বাদ যাচ্ছে। তারই প্রতিবাদে রাস্তায় টায়ার জ্বালিয়ে বিক্ষোভ। তাদের মূলত দাবি, বৈধ ভোটারদের নাম কোনও মতে বাদ দেওয়া যাবে না। যারা বহু বছর ধরে এখানে বসবাস করছে তাদের অনেকের নাম ডিলিট করে দেওয়া হয়েছে। তারই প্রতিবাদে রাস্তা অবরোধ করে বিক্ষোভ শুরু করা হয়েছে।

ফর্ম নং URC-2
অধ্যায় XXI-এর পার্ট-I অনুসারে নিবন্ধনের বিষয়ে বিজ্ঞপ্তি

[কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩-এর ধারা ৩৭৪(বি) এবং কোম্পানিজ (অথরাইজড টু রেজিস্টার) রুলস, ২০১৪-এর রুল ৪(১) অনুসারে]

১। এতদ্বারা জানানো যাচ্ছে যে, কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩-এর ধারা ৩৬৬-এর উপধারা (২) অনুসারে, এই বিজ্ঞপ্তির তারিখ থেকে (১৫) পনেরো দিন অতিবাহিত হওয়ার পর কিন্তু ৩০ (ত্রিশ) দিনের মধ্যে রেজিস্ট্রারের নিকট একটি আবেদন দাখিল করার প্রস্তাব করা হয়েছে, যাতে 'সাজ ক্রিয়েশনস' (PAN ADUFS4201N), একটি পার্টনারশিপ ফার্ম, কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩-এর অধ্যায় XXI-এর পার্ট-I অনুসারে "সাজ ক্রিয়েশন প্রাইভেট লিমিটেড" নামে শেয়ার দ্বারা সীমিত একটি কোম্পানি হিসেবে নিবন্ধিত হতে পারে।

২। প্রস্তাবিত কোম্পানির প্রধান উদ্দেশ্যসমূহ নিম্নরূপঃ
• টয়লেট্রিজ, সুগন্ধি ও প্রসাধনী সামগ্রীর পাইকারি ব্যবসা পরিচালনা করা এবং গহনা ও সংশ্লিষ্ট সামগ্রী উৎপাদন করা।

৩। প্রস্তাবিত কোম্পানির খসড়া মেমোরেন্ডাম ও আর্টিকেলস অফ অ্যাসোসিয়েশনের একটি অনুলিপি 234/3A, এজে সি বোস রোড, এফএমসি ফর্চুনা বিল্ডিং, ৪র্থ তলা, A14, কলকাতা-৭০০০২০ ঠিকানায় অবস্থিত কার্যালয়ে, কর্মদিবসে সকাল ৯.০০টা থেকে বিকাল ৫.০০টার মধ্যে পরিদর্শন করা যেতে পারে।

৪। এতদ্বারা আরও জানানো যাচ্ছে যে, এই আবেদনের বিরুদ্ধে কোনো ব্যক্তি আপত্তি জানাতে ইচ্ছুক হলে, তিনি এই বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে ২১ (একুশ) দিনের মধ্যে লিখিতভাবে তার আপত্তি রেজিস্ট্রার, সেন্ট্রাল রেজিস্ট্রেশন সেন্টার (CRC), ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ কর্পোরেট অ্যাফেয়ার্স (IICA), প্লট নং ৬, ৭, ৮, সেক্টর ৫। আইএমটি মানেসার, জেলা গুরুগ্রাম (হরিয়ানা), পিন কোড-১২২০৫০ ঠিকানায় প্রেরণ করতে পারবেন এবং এর একটি অনুলিপি কোম্পানির নিবন্ধিত কার্যালয়েও প্রেরণ করতে হবে।

তারিখ- ০৭.০৩.২০২৬
স্থান- কলকাতা
পক্ষে ও প্রতিনিধিত্বে
সাজ ক্রিয়েশনস
(পার্টনারশিপ ফার্ম)
স্বাক্ষরিত/-
সালোনি সুরেকা
পদবী পার্টনার

NOTICE
PCBL LIMITED
Registered Office: Duncan House, 31 Netaji Subhas Road, Kolkata – 700 001, West Bengal, India

Notice is hereby given that the Certificate(s) for the under mentioned Equity Shares of the Company have been lost / misplaced and the holder(s) / purchaser(s) of the said Equity Shares have applied to the Company to issue duplicate Share Certificate(s).

Any person who has a claim in respect of the said Shares should lodge the same with the Company at its Registered Office within 15 days from this date else the Company will proceed to issue duplicate certificate(s) to the aforesaid applicants without any further intimation.

Name of Shareholder as per share certificate	Folio No.	No. of shares	Distinctive Numbers	Certificate Numbers
Aruna Purohit Abha Purohit	P00932	1350	6670981 To 6672330	203745 To 203771

Place : Kolkata, Date : 06.03.2026

Nadia District Police Employees Co-operative Credit Society Ltd.
Regd. No. 9/04-05, Dt-09/11/2004, Krishnagar Police District, Nadia

নির্বাচনঃ সমবায় সমিতির পরিচালক মন্ডলীর নির্বাচন।
প্রার্থী পদঃ ৯ টি প্রার্থী যোগ্যতাঃ WBCS Rules 2011 এর Rule 42 এবং WBCS Acts, 2006 এর Sec 32(7) অনুযায়ী।

নির্বাচনী নির্ঘন্ট
মনোনয়নপত্র গ্রহণঃ ২৭/০৩/২০২৬ থেকে ২৮/০৩/২০২৬,পর্যন্ত বেলা ১১টা থেকে বিকাল ৩টা পর্যন্ত, সমিতির নিবন্ধীকৃত অফিস।
মনোনয়নপত্র পরীক্ষাঃ ৩০/০৩/২০২৬, ১২ টা, সমিতির নিবণীকৃত অফিস।
বৈধ মনোনয়নপত্রের তালিকা প্রকাশঃ- ৩০/০৩/২০২৬, মনোনয়নপত্র পরীক্ষার পর সমিতির নিবন্ধীকৃত অফিস।
মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ তারিখঃ ০১/০৪/২০২৬ বেলা ৩টা পর্যন্ত, সমিতির নিবন্ধীকৃত অফিস।
চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশঃ ০১/০৪/২০২৬, বেলা ৪ টার পর সমিতির নিবন্ধীকৃত অফিস।
নির্বাচন (যদি প্রয়োজন হয়)ঃ ০৯/০৪/২০২৬,রবিবার, বেলা ১১ টা থেকে বিকেল ৩ টে পর্যন্ত।
স্থানঃ সমবায় সমিতির কার্যালয়।
ভোটগ্রহণ পর্ব শেষ হওয়ার পরেই গণণা করে ফলাফল ঘোষণা করা হবে।
০৬/০৩/২০২৬
সহকারী নির্বাচন আধিকারিক,
Nadia District Police Employees Co-operative Credit Society Ltd.

ACHIEVERS FINANCE

অ্যাচিভার্স ফিনান্স ইন্ডিয়া লিমিটেড
(পূর্বতন অ্যাচিভার্স ফিনান্স ইন্ডিয়া প্রাইভেট লিমিটেড)
CIN : U51909WB1996PLC082118
রেজি. অফিস : ৩২/এ, ডায়মন্ড হারবার রোড, সখেরবাজার, কলকাতা- ৭০০০০৮
টেলি : নং ০৩৩ ৬৬০৬ ৩০০০, ইমেল : cs@achieversind.com

ডিবেঞ্চার হোল্ডারদের প্রতি নোটিশ

এতদ্বারা বিজ্ঞাপিত হচ্ছে যে, ডিবেঞ্চার হোল্ডারগণ যারা জামিনদত্ত, রেটেড, লিস্টেড, রিডিমেবল, নন কনভার্টিবল ডিবেঞ্চার (এনসিডি) প্রাইভেট প্লেসমেন্ট ভিত্তিক প্রাথমিক মূল্য ১,০০,০০০ টাকা প্রতিটি, ISINs INE065507AM4 এবং INE065507AI2 অধীন সাম্প্রতিক রিডেম্পশন উক্ত ISINsএর। উশুল পরিমাণ প্রতিটি ডিবেঞ্চারের ক্ষেত্রে আদায় দেওয়া হবে সংশ্লিষ্ট ডিবেঞ্চার হোল্ডারদের, যারা রেকর্ড ডেট অনুযায়ী ডিবেঞ্চার অধিকার করেন। তারিখগুলি নিম্নোক্ত মতে :

ISIN	INE065507AI2	INE065507AM4
সুদ প্রদানের তাৎক্ষণিকতা	বার্ষিক	মাসিক
রেকর্ড ডেট	১২ মার্চ ২০২৬	১২ মার্চ ২০২৬
উশুলের তাৎক্ষণিক প্রক্রিয়ার মেয়াদ	২৬ মার্চ, ২০২৬- ৩০ মার্চ ২০২৬	২৬ মার্চ, ২০২৬- ৩০ মার্চ ২০২৬
প্রদানের তারিখ /তাৎক্ষণিক উশুলের তারিখ	৩১ মার্চ ২০২৬	৩১ মার্চ ২০২৬
প্রাথমিক মূল্য (টাকা) প্রতি এনসিডি	১,০০,০০০ টাকা	১,০০,০০০ টাকা

কোম্পানির ওয়েবসাইট www.achieversfinance.com এবং বিএসই লিমিটেডের ওয়েবসাইট www.bseindia.com নোটিশ উপলব্ধ যেখানে কোম্পানির এনসিডি তালিকাভুক্ত। কোনও কারণে কোনও প্রশ্ন/ ব্যাখ্যার জন্য ডিবেঞ্চার হোল্ডারগণ নিম্নোক্তর সঙ্গে যোগাযোগ করতে পারেন : **অ্যাচিভার্স ফিনান্স ইন্ডিয়া লিমিটেড**, ফোন নং : ০৩৩ ৬৬০৬ ৩০০০, ইমেল আইডি : cs@achieversind.com

অ্যাচিভার্স ফিনান্স ইন্ডিয়া লিমিটেড এর পক্ষে
স্থান : কলকাতা
তারিখ : ০৬.০৩.২০২৬
স্বা/-
সুমন চক্রবর্তী
ম্যানেজিং ডিরেক্টর
ডিন : ০২৪৫৫৫৫৫৪

এল&টি ফাইনান্স লিমিটেড
(পূর্বে যা এল&টি ফাইনান্স হোল্ডিংস লিমিটেড নামে পরিচিত ছিল)
রেজিস্টার্ড অফিস: এল&টি ফাইনান্স লিমিটেড, বৃন্দবন বিল্ডিং, প্লট নং 177, কালিনা, সিএসটি রোড, মার্সিডিজ শোরুমের কাছে, সান্তাক্রুজ (পূর্ব), মুম্বাই 400 098
CIN No.: L67120MH2008PLC181833
ব্রাঞ্চ অফিস: কোলকাতা

L&T Finance

দাবি সংক্রান্ত বিজ্ঞপ্তি

সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফাইনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট 2002 (এতদ্‌পরবর্তীতে আইন হিসাবে উল্লেখিত)-এর ধারা 13(2)-এর অধীনে

যেহেতু আপনারা আপনাদের ঋণ অ্যাকাউন্টের সুদ এবং মূলের কিস্তিগুলি প্রদানের ক্ষেত্রে খেলাপ করেছেন, এবং উল্লেখিত বকেয়া প্রদেয়গুলি পরিশোধের ক্ষেত্রে ব্যর্থ হয়েছেন এবং অবহেলা করেছেন, আমরা, আইনটির ধারা 13(2)-এর অধীনে আপনাদের সকলের (ঋণ গ্রহীতা / গণ, সহ-ঋণগ্রহীতা / গণ এবং জামিনদার / গণ) নিকট প্রদানের রসিদসহ নিবন্ধীত ডাক-এর মাধ্যমে দাবি সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রদান করেছি। ফলস্বরূপ, ঋণ অ্যাকাউন্টটি, ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক-এর দ্বারা সম্পদ শ্রেণীকরণের উপর প্রদত্ত নির্দেশিকাগুলি অনুসারে হিসাব বইতে নন-পারফর্মিং অ্যাসেট (এনপিএ) হিসাবে শ্রেণীভুক্ত হয়েছে। নোটিশ বা বিজ্ঞপ্তিটি ফেরত এসেছে ''আনডেলিভার্ড'' হিসাবে এবং এই কারণে আমরা এখন এই বিজ্ঞপ্তিটি ইস্যু করছি আপনাকে সমন্ত 13(2) আইনের অধীনে এবং এতৎদ্বারা ঘোষণা করছি যে এই বিজ্ঞপ্তিতে উল্লেখিত অ্যামাউন্টটি প্রদান করার জন্য এল & টি ফাইনান্স লিমিটেড। (পূর্বে, এল& টি হোল্ডিংস ফাইন্যান্স লিমিটেড) 60 দিনের সময়সীমায় এই পেপার নটিফিকেশন-এর তারিখ থেকে একত্রে পরবর্তী সুদের হারের সঙ্গে এবং অন্যান্য চার্জসমূহ ডিমান্ড নোটিশের তারিখ পেমেন্ট বা আদায় পর্যন্ত। আপনার দ্বারা, এই বিজ্ঞপ্তির শর্তাবলীর অধীনে আপনার দায়গুলি পালন করার বিষয়ে আপনার ব্যর্থতার ক্ষেত্রে, আমরা আইনটির ধারা 13(4) অথবা ধারা 14-এর অধীনে আরোপিত অধিকারগুলির মধ্যে যেকোনটি অথবা সবগুলির ব্যবহার করতে বাধ্য হব। 'এটি, এই আইনটির এবং / অথবা সময়ে সময়ে বলবত থাকা অন্য যেকোন আইনের অধীনে আমাদের নিকট উপলব্ধ যেকোন অধিকারের ক্ষেত্রে কোন প্রকার সংস্কারবিহীন'।

ঋণ অ্যাকাউন্ট নম্বর	ঋণ গ্রহীতা / গণ এবং সহ-ঋণ গ্রহীতা / গণ নাম	দাবি বিজ্ঞপ্তির তারিখ / এনপিএ তারিখ / বকেয়া রাশি		স্থাবর সম্পত্তির বিবরণ (বন্ধকীকৃত)